

296546 - ইলেকট্রনিক মার্কেটিং-এর ক্ষেত্রে ব্রাউজকারীদের কুকিজ ফাইল থেকে উপকৃত হওয়া

প্রশ্ন

যে সকল কাস্টমার আমার ব্লগ ভিজিট করেন তাদের বোঁকপ্রবণতা অনুযায়ী পণ্যের বিজ্ঞাপন দেয়ার হুকুম কী? অর্থাৎ উদাহরণতঃ তারা যদি ফিল্ম অনুসন্ধান করে; ব্রাউজকারী আমার ব্লগে প্রবেশ করার আগে তার জন্য নির্দিষ্ট কুকিজ ফাইলগুলো রেকর্ড করা হবে। এরপর সে যখন আমার ওয়েবসাইটে যাবে তখন তার চাহিদামাফিক বিজ্ঞাপনগুলো দেখানোর জন্য কুকিজ ব্যবহার করা হবে। এই অর্থের হুকুম কি?

প্রিয় উত্তর

এক:

বিজ্ঞাপনমূলক পোগ্রামগুলোতে যদি শরিয়তে নিষিদ্ধ কোন কিছু না থাকে তাহলে সেগুলো ব্যবহার করা জায়েয মর্মে ইতিপূর্বে আলোচনা করা হয়েছে এবং 249126 নং প্রশ্নোত্তরে এ ধরনের বিজ্ঞাপন জায়েয হওয়ার বিধিগুলো উল্লেখ করা হয়েছে।

আপনি যে ফিল্ম-এর বিজ্ঞাপনের দিকে ইঙ্গিত করেছেন; কোন সন্দেহ নাই যে, এটি নিষিদ্ধ। ফিল্মে অনেক নিষিদ্ধ বিষয় থাকে। যেমন নরনারীর অবাধ মেলামেশা, মিউজিক ও নগ্নতা। আর আকিদা ও চরিত্র নষ্টের অপরাধ তো আছেই।

যে মুসলিম এ ধরনের ফিল্ম প্রচার করে, এগুলোর বিজ্ঞাপন দেয় সে মহা বিপদের মধ্যে রয়েছে। তার উচিত নিজেকে ও নিজের দ্বীনদারিকে সংশোধন করা।

আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত আছে যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “যে ব্যক্তি কোন হেদায়েতের দিকে আহ্বান করবে তাকে যারা অনুসরণ করবে তারা যে সওয়াব পাবে সে ব্যক্তিও তাদের মত সওয়াব পাবে; কিন্তু অনুসারীদের সওয়াব হতে বিন্দুমাত্রও কমানো হবে না। আর যে ব্যক্তি কোন ভ্রষ্টতার দিকে আহ্বান করবে তাকে যারা অনুসরণ করবে তাদের যে গুনাহ হবে সে ব্যক্তিরও তাদের মত গুনাহ হবে; কিন্তু অনুসারীদের গুনাহ থেকে বিন্দুমাত্রও কমানো হবে না।”[সহিহ মুসলিম (২৬৭৪)]

মুসলিমের উপর কর্তব্য হারাম বিজ্ঞাপনগুলোর ব্যাপারকে ছোট মনে না করা। হতে পারে যেটাকে সে তুচ্ছ ও ছোট মনে করছে সেটাই তার ধ্বংসের ও দ্বীনদারি নষ্টের কারণ হবে। আমরা আল্লাহর কাছেই নিরাপত্তা প্রার্থনা করছি।

আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত হয়েছে যে, তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে বর্ণনা করেন যে, “নিশ্চয় বান্দা আল্লাহর সন্তুষ্টিমূলক এমন কথা বলে ফেলে; যে কথাকে বান্দা তেমন কিছু মনে করে না; কিন্তু আল্লাহ এই কথার মাধ্যমে তার মর্যাদা উন্নীত করেন এবং নিশ্চয় বান্দা আল্লাহর ক্রোধ উদ্বেককারী এমন কথা বলে ফেলে, বান্দা সে কথাকে তেমন কিছু মনে করে না; কিন্তু এই কথার কারণে আল্লাহ তাকে জাহান্নামের অতলে নিক্ষেপ করেন।”[সহিহ বুখারী (৬৪৭৮)]

দুই:

ইন্টারনেট ব্যবহারকারীদের মাঝে এটা সুবিদিত যে, “কুকিজ” ফাইলগুলো ব্রাউজকারীর গোপনীয় বিষয়ের অন্তর্ভুক্ত। এটাও জানা যে, ওয়েবসাইটগুলো কর্তৃক ব্রাউজকারীগণের ইতিপূর্বে ব্রাউজকৃত পেইজগুলো অবগত হওয়া এটি তাদের জন্য বিরক্তিকর। তাই ওয়েবসাইটগুলো কর্তৃক এ ফাইলগুলোর উপর হস্তক্ষেপ করলে এতে ব্রাউজকারীদের ব্যক্তিগত গোপনীয়তার নীতি লঙ্ঘিত হয়। সেজন্য ব্রাউজকারীর অনুমতি ছাড়া এ ফাইলগুলোতে প্রবেশ করা জায়েয নয়।

পূর্বোক্ত আলোচনার প্রেক্ষিতে, যে সকল পেইজ বা ওয়েবসাইট এ ফাইলগুলো থেকে উপকৃত হতে চায় তারা যেন ব্রাউজকারীদেরকে অবহিত করে সেটা করে। তারা যেন স্পষ্টভাবে সতর্কবার্তা পাঠায় যাতে করে ব্রাউজকারী সেটা দেখতে পায় এবং সে জেনেবুঝে সিদ্ধান্ত নেয়।

সারকথা:

আপনার নিজস্ব ওয়েবসাইটে বিজ্ঞাপন দিতে কোন আপত্তি নাই; তবে শর্ত হচ্ছে এতে কোন হারাম বিজ্ঞাপন ও হারামের প্রচার থাকতে পারবে না। আরেকটি শর্ত হচ্ছে ব্রাউজকারীকে অবহিত করতে হবে যে, ব্রাউজকারীর পিসিতে সংরক্ষিত কুকিজের ভিত্তিতে ওয়েবসাইট ব্রাউজকারীর পছন্দসই বিজ্ঞাপন প্রকাশ করবে।

আল্লাহ্‌ই সর্বজ্ঞ।